



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA

[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০১১-১২/৫৮৯

ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.১০৭/১৩.০৩.০০/২০১১-১২

জুন ৫, ২০১২

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক  
(আরআরবিগুলি ব্যতীত)

প্রিয় মহাশয় / মহাশয়া

**গৃহ ঋণ-ফোরক্লোজার মাসুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দন্ড**

অনুগ্রহ করে ব্যাঙ্ক মাসুলের যুক্তিযুক্ততা বিষয়ে আমাদের ফেব্রুয়ারি ২, ২০০৭ তারিখাঙ্কিত সার্কুলার  
ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.৫৬/১৩.০৩.০০/২০০৬-২০০৭ দেখুন।

২. এই প্রসঙ্গে, এপ্রিল ১৭, ২০১২ তারিখে ঘোষিত মুদ্রানীতি বিবরণী ২০১২-১৩-এর গৃহ-ঋণের উপর অস্থায়ী সুদের হারের বিষয়ে অনুচ্ছেদ ৮১ থেকে ৮৩-র প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। ব্যাঙ্কে গ্রাহক পরিষেবা সংক্রান্ত সমিতি (সভাপতিঃ এম দামোদরন) লক্ষ্য করেছেন যে ব্যাঙ্ক কর্তৃক গৃহঋণের ক্ষেত্রে মেয়াদপূর্ব পরিশোধের জন্য ফোরক্লোজার মাসুল ধার্য করা প্রসঙ্গে ঋণ গ্রহীতাগণ সর্বতভাবে অসন্তোষ প্রকাশ করেছেন, বিশেষ করে সুদের হারের নিম্নমুখী প্রবণতার প্রেক্ষাপটে বর্তমান ঋণগ্রহীতাদের নিম্ন হারের সুদের সুবিধা প্রদান করার ব্যাপারে ব্যাঙ্কগুলির দ্বিধা দেখে। যথাযথভাবে বলতে গেলে, ফোরক্লোজার মাসুলকে দেখা হয় নিষেধমূলক ব্যবস্থা হিসাবে যা ঋণগ্রহীতাদের বিরত করে অন্য কোনও সুলভ উদ্দেশ্য থেকে ঋণ গ্রহণ করা থেকে।

৩. গৃহ ঋণের উপর ফোরক্লোজার মাসুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দন্ড অপসারণ বর্তমান এবং নতুন ঋণ-গ্রহীতাদের মধ্যে বিভেদ কমাতে এবং ব্যাঙ্কগুলির মধ্যে প্রতিযোগিতার ফলে গৃহ ঋণের অস্থায়ী হারের মূল্য নির্ধারণে আরও স্ফুর্ততার প্রয়োগ হবে। যদিও সাম্প্রতিক অতীতে বহু ব্যাঙ্ক স্বতঃপ্রণোদিতভাবে গৃহঋণের উপর অস্থায়ী সুদের হারে মেয়াদপূর্ব পরিশোধের জন্য দন্ড বিলোপ করে দিয়েছে, ব্যাঙ্কিং ব্যবস্থায় সামগ্রিকভাবে সমতা সুনিশ্চিত করা প্রয়োজন। সেইজন্য স্থির হয়েছে যে ব্যাঙ্কগুলিকে অস্থায়ী হারে সুদের ভিত্তিতে দেওয়া গৃহঋণের উপর ফোরক্লোজার মাসুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দন্ড ধার্য করার অনুমতি দেওয়া হবে না এবং এই আদেশ অবিলম্বে কার্যকরী করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(দীপক সিঙ্ঘল)

মুখ্য মহাপ্রবন্ধক (দায়িত্ব প্রাপ্ত)